

11998 - মূল্যবান ধন-সম্পদ ওলিদের কবরের কাছে আমানত রাখা এই বিশ্বাসে যে, ওলিরা এগুলোর হেফাযত করবেন

প্রশ্ন

কিছু কিছু মানুষ তাদের ধন-সম্পদ, সহায়-সম্পত্তি নেককার ব্যক্তিদের কবরের কাছে আমানত রাখে। তাদের বিশ্বাস হচ্ছে- এই নেককার ব্যক্তিগণ তাদের সম্পদগুলো পাহারা দিবে। ফলে তাদের ধন-সম্পদ চুরি হবে না, ছিনতাই হবে না এবং কেউ আত্মসাৎ করতে পারবে না।

প্রিয় উত্তর

মৃতব্যক্তিদের কবরের উপরে যে সম্পদগুলো আমানত রাখা হয় তারা এই সম্পদগুলোর রক্ষণাবেক্ষণ করেন এ ধরনের বিশ্বাস সুস্পষ্ট কুফরি ও আল্লাহর রুবুবিয়্যাতের মধ্যে শিরক (অংশীদার) স্থাপন। এই বিশ্বাস নিয়ে যে ব্যক্তি মারা যাবে তার পরিণতি চিরস্থায়ী জাহান্নাম। এই বিশ্বাস ছাড়া নিছক রক্ষণাবেক্ষণের জন্য অথবা বরকতের জন্য কবরের উপর ধন-সম্পদ রাখাও নাজায়েয। আল্লাহই ভাল জানেন। আল্লাহই উত্তম তাওফিকদাতা। আমাদের নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, তাঁর পরিবার-পরিজন ও সঙ্গি-সাথীদের উপর আল্লাহর রহমত ও শান্তি বর্ষিত হোক।